

## শ্রীক্ষেত্র-তত্ত্ব-সুধা

প্রাথ-মাহারা।,



জগন্নাথ ধান—পুরী।

পণ্ডিত ঞ্রীরামসহায় অবন্ধি বারা ধণিড ও প্রকাশিত।

3000 1

# শ্রীকেত্র-তত্ত্ব-সুধা।

অথাৎ

### <u> ঐাক্ষেত্রতত্ত্ব</u>

-09#30-

00°

প্রথম অধ্যার।

শ্রীগণেশার নমঃ। সরস্বত্যৈ নমঃ। বিমলায়ৈ নমঃ।
সিদ্ধিদাতা গণপতি করিয়া স্মরণ,—
গ্যান করি সদা আমি সারদার পদে।
জগদীশ গুণগান সদা চাছে প্রাণে,—
ভাষার রচিব আফি শঙ্কর প্রসাদে॥

একদা নৈমিষারণো যাবতীয় দুনিগণ সমবেত হটনা দকলে একবাকো স্থাতগোষামীকে কহিলেন। হে মুনিবর! আপনি সর্কাশাস্কজ্ঞ ও সর্কারাণী সমস্ত তীর্থের মাহাত্ম্য সম্পূর্ণকর্পে অবগত আছেন, এজন্ত আমরা ইচ্ছা করি, আপনি রূপাপুর্বক পরম প্রিত্র আনন্দ-জ্ঞানবর্দ্ধক (প্রুষোত্তম) অর্থাং জগনাথদেবের মাহাত্ম্য বর্ণনা করন। যেস্থানে বিষ্ণু ভগবান নবলীলা করিবাব জন্দ দারুময় (অর্থাং কার্টমূর্ত্তি ধারণ করিয়াছেন। যাহাকে দশন করিলে জীবগণ ধর্ম, অর্থ, কাম, মোক্ষ, সাধন ও মৃত্তি প্রাপ্ত ইইটেছেন। হে মুনে! কি জন্ত সর্কাশক্তিমান্ ভগবান্ ঐ স্থানে দারুময় মৃত্তি ধারণ করিয়াছেন ইহার সমস্ত বিবরণ আমাকে বর্ণনা করন। ঋষিগণের এই সমস্ত বাকা শ্রবণ করিয়া স্থত মুনি কহিলেন, আপনাদিগের প্রশ্নে আমি যৎপ্রোনান্তি সম্ভ্রেই ইয়াছি; এই সমস্ত প্রশ্ন বাবারণের হিতজনক, আপনারা মনোযোগ পূর্ণক শ্রবণ

कङ्ग। यश्रि ज्यवान मर्वाङ, मर्वाद्यात्री ও मर्व भाषनामक. তথাপি জগন্নাথকেত্রে সঁর্বব্যাপী দীন হিতকারী দারুময় মর্ত্তি ধারণ করিয়া অবতীর্ণ হইয়াছেন; সূতরাং এই জগনাথকেত্র হিন্দদিগের প্রধান পবিত্র তীর্থস্থান। এখানে যেমন অত্যন্ত গুপ্ত মহাপাপ সকল ধ্বংশ হয় এবং তদ্রুপ পুণ্যেরও সঞ্চয় হইয়া থাকে। এই পরম পবিত্র জগদীশ কেত্র উৎকল বা উডিয়া দেশে বিরাজিত আছে এই পুণাতীর্থ সমুদ্রতীরে বালকারাশির উপরে দশ যোজন পরিবাপ্তি রহিয়াছে। ইহার মধান্তলে নীল পর্বত, মহানদীর দক্ষিণ পার্য হইতে আরম্ভ হইয়া, উত্তর পার্য প্র্যান্ত ব্যাপ্ত রহিয়াছে। ইহাকে পতিতপাবন জগ্লাথকেত বলে। এই তীর্থের প্রত্যেক স্থান দর্মা, অর্থ, কাম, মোক্ষ-প্রদায়িনী, হে মুনিগণ! এই পুণাক্ষেত্রে সর্বাশক্তিমান ভগবান দর্বাদা শাস্তিরূপে বিবাজিত বহিয়াছেন এই ভক্তি-মুক্তি-প্রদায়িনী তীর্থ সাধারণ লোকে ধাইতেছেন এবং এই তীর্থ পবিত্র নির্ম্মল বৃদ্ধিনম্পন্ন বিষ্ণু প্রেমাশক্ত বৈফবগণ্ও অনন্ত পাপী ছরাচারী মানবগণও মুক্তিলাভ করিয়া থাকেন এবং বৈতরণী নদীতে স্নান ও প্রাদ্ধাদি ক্রিয়া-কলাপপূর্ব্বক বৈতরণীর তটবাসিনী বিরজা দেবীৰ দৰ্শন ও পূজা কৰিয়া লোকমাত্ৰই বাঞ্চাতীত ফল পাইতে-ছেন , এই পুণাতীর্থের নাম নাভি-গ্যাক্ষেত্র। হহা যাজপুরে বিরাজিত রহিয়াছে এবং আত্রকাননে পরন স্থন্দর এক পর্ম পবিত্র বিন্দুদ নামক সরোবরে স্থানকরতঃ ঈশ্বর কৈলাসপতি শৃদ্ধর তুল্য বিশাল হরিহর দেবের মূর্ত্তি দর্শন করিয়া জীবের অনস্ত পাতক হইতে মুক্তি পাইতেছে এবং অর্কক্ষেত্রে পৌছিয়া চক্রভাগা নদীর निर्माल मनिरल सानकत्रकः स्रेश्वत जास्रत स्पानातार्य (मराव

প্রচণ্ড তেজোময় মূর্ত্তি দর্শন করিয়া জীবে জ্ঞাত, অজ্ঞাত ও অনস্ত পাপ হইতে মুক্তিলাভ করিতেছে। এই দশ যোজনের মধ্যে নীল পর্বত বহিয়াছে; এ পর্বত দেখিলে পৃথিবীর একটি স্তম্ভের জার জ্ঞান হয়। এই পর্বতের উপর তিন ক্রোশ পরিবাপ্তি সংখ্যাকর শ্মোদর পুরুষোত্তম ক্ষেত্রে ভগবান জগন্নাগদেবের মন্দির সংস্থাপিত রহিয়াছে। এথানে সাক্ষাং বিষ্ণুসদৃশ কল্পতক বিরাজ कतिरङ्ह। এই तृत्कत निष्म वायुर्कात स्वविशाङ वाहिनी-কুও বহিয়াছে, যাহার দর্শনে ও স্পর্শনে জীবগণের মন প্রাণ পরিভদ্ধ ও পবিত্র হয় এবং বাঁহার দ্বারা প্রাণীগণ আপন চর্মচক্ষে নীল-ধ্বজ ভগবান দর্শন পাইয়া মোক্ষপদ প্রাপ্ত হয়। ঐ কল্পতক্র কিছু দূর বায়ুকোণে দেবরাজ মাধব এবং উহার দক্ষিণে নরসিংহ দেবের মন্দির আছে গাঁহার দর্শনের ফল অতি প্রশংসনীয় ও পরম প্রিক্র-জনক ; এই স্থানে লোকে জপ, তপ ও দানাদি ক্রিয়াকলাপ করিলে অসংখ্য গুণ ফলপ্রাপ্ত হয় উহার সন্মুখে পূর্ণরূপ ফলদাতা ও জ্ঞান-বৈরাগ্য প্রদর্শক কামিক্ষ্যা অর্থাং ক্ষেত্রপাল দেবের মন্দির বিরাজিত রহিয়াছে। ইহার কিছুদূরে জীবের ভক্তি-মুক্তি-প্রদ विनो विभवा (भवी विवाधभान আছেन এवः ঐ স্থানে भनिक्रिका, কপাল-লোচন প্রভৃতি তীর্থ রহিয়াছে। যাঁহার দর্শনে ব্রহ্মহতা। প্রভৃতি পাপধ্বংস হয় এবং সমুদ্রতীরে সচ্চিদানন্দ জগৎপিতা জগ-দীশ্বর কৈলাসপতি ঘমেশ্বর নামে বিখ্যাত রহিয়াছেন: ঘাঁহাকে দর্শন ও পূজা করিলে কোটা শিবলিঙ্গের ফল প্রাপ্তি হয়। ইহাব স্মিকটে চামুণ্ডা কালী ও কল্পতক আছেন মহাপ্রলয়েও ইংহার নাশ নাই এই স্থানের দক্ষিণে খেতগঙ্গা ও মীনরূপী ভগবান জনার্দন: খেতরপধারী মহাদেব বিরাজ করিতেছেন।

দিগকে দর্শন করিলে অজ্ঞান-রূপ অন্ধন্যর দ্রীভূত ইইরা মন পবিত্র ও পরিকার হয় এবং অবিচলিত চিত্তে বিষ্ণু ভগবান্ চরণে ভক্তি প্রদার আসক্তি জামো। ইহার দর্শনে কর্মক্ষেত্রজনিত মহাপাতক দুরীভূত হইরা বাজপেয় যজেব ফললাভ হইরা থাকে এবং ঐ কল্পতক্র নীচে বটেশ্বর ইহাব কিছু অত্যে পরমা স্থলারী দিতীয়া শক্তি মঙ্গলাদেবী ও দক্ষিণাভিমুখে সিদ্ধিনাতা গণপতি বিরাজমান করিতেছেন যাঁহার দর্শনে ও স্পর্শনে জীবগণের বিশ্বনাশ হয়।

নীলগিরি পর্কতের পূর্কদিকে মার চিকা দেবী বিরাজমান; ইহার ঈশানকোণে জগংগুরু বিরপাক্ষ ঈশাণেশ্বর মহাদেব স্থানাতিত বহিয়াছেন; এই হানে অনানি শক্তিসম্পন্না মহেশ্বরীবরজাদেবী বিরাজ করিতেছেন; এবং সংখ্যাকারের মধাতাগে বিরু ভগবান্ও অগ্রভাগে নীলকণ্ঠ মহাদের এবং পৃষ্ঠভাগে মঙ্গলাদেবী মূর্ত্তিমতী রহিয়াছেন। এই সংখ্যাকার ক্ষেত্রে বটরুক্ষের বায়কোণে মহিষি মার্কপ্তের আশ্রম ও মার্কণ্ডেয় তীর্থ (সরোবর) রহিয়াছে; এই তীর্থ মার্জন ও মান করিলে জীবের দিতীয়বার জন্মহয় না, নীরোগ ও দীর্ঘায় হয়। এই পরম প্রিত্র সর্কশ্রেষ্ঠ শীক্ষেত্র (জগরাগপুরী) সমগ্র ভারতবর্ষে বিধ্যাত রহিয়াছে এবং নীলমাধর সাক্ষাং শিষ্কু অবতাররূপ ধারণ করিলা বিরাজ করিতেছেন। শাহার পূজা ও দর্শনাদির অভিলাধে প্রতিদিন দেবগণ স্বর্গ হইতে শ্রীক্ষেত্র আগ্রমন করেন।

এই তীর্থের পশ্চিমে শবরাগ্ন অর্থাৎ শবর লোকদিগের শবর নামক স্থান আছে। এইব্রানে স্কপ্রসিদ্ধ শবরাধিপতি বিশ্বা-বস্ক ভগবান্ নীলমাধব দেবের মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়াছিলেন। এই জন্ম শবর জাতীগণ অন্থাবধি এই বৃহৎ স্থানের অধিকারী উক্ত প্রতিষ্ঠিত নীলমাধব দেবের কার্য্যকারী হন।

একদা স্ষ্টিকর্তা চতুর্মুখ ব্রহ্মা, সংসাররূপ প্রালয় তরক্ষে ভাসিতে ভাসিতে নীলাচল পর্বতে বিষ্ণু ভগবানকৈ দর্শনকরতঃ বিশ্বত ও চমৎকৃত হইয়া যথাবিধি পূজাপূর্বক ভগবানের নিকট হইতে বিদায় লইয়া আসিতেছিলেন; এমন সময় দেখিতে পাই-লেন, ঐ স্থানে একটা ছর্মল কাকপক্ষী তৃষ্ণাত্র হইয়া পবিত্র বোহিণী কুণ্ডে জলপান ও স্থানাদিপুর্দ্ধক জগদীখরের দুর্শন মানসে, আনন্দে নিমগ্ন হইয়া এই স্বর্ণ বালুকাময় স্থানে দেহতা।গ-পূর্ম্মক দেবদেহ ধারণ করিয়া বিষ্ণু ভগবানের সন্মুখে উপস্থিত হইন। ঐ ব্যাপার দেখিয়া বিচারপতি ধর্মরাজ যম হঃথিতভাবে এ স্থানে উপনীত হইলেন এবং ভগবানের যথাবিধি পূজা গুবানি করত: নিজ অধিকার ভ্রষ্ট জানাইয়া মৌনভাবে দণ্ডায়মান আছেন। ইহা দেখিয়া অন্তর্যামী ভগবান ঈষৎ হাত্তমূপে লক্ষীদেবীর প্রতি দৃষ্টিপাত করিলেন। তথন আতাশক্তি ভক্তবংসলা জগন্মতি লক্ষীদেবী ধর্মারাজ যমকে বলিতে লাগিলেন, হে ধর্মারাজ। 🙉 নিমিত্ত তুমি ছঃপিতমনে আগমন কারিয়াছ, তাহা আমি অবগ্র হইয়াছি সেজন্ত তোমার ক্ষুদ্ধ হইবার আবশ্রক নাই। কারণ এই জগনাথ-ক্ষেত্র সম্পূর্ণ সৃষ্টির বহিন্তৃতি; স্কুতরাং এই পুরুবোত্তম মহাবিষ্ণু ভগবানের প্রবল মায়ার প্রভাবে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বের কুদুত্ম মায়া বিলুপ্ত হইয়া যাইতেছে। অত এব এ কেত্রে তোমার শাসন চলিবে না। এই তীর্থবাসী প্রত্যেক জীবগণ ও প্রপক্ষী কাঁট প্রস্থাদি প্রত্যেক প্রাণীগণ হোমার শাসনের বহিত্তি; ইহাদিগের উপর তোমার কোন অধিকার নাই। ইহারা সকলেই এইরুপ

মুক্তিলাভ করিয়া থাকে। অতএব পুমি সম্ভটিচত্তে স্বরাজ্যে প্রসান কর। হে স্থ্যপুত্র। জগতবাসী জীবগণ যথন সমুদাদি নানাতীর্থ পরিভ্রমণকরতঃ এই পরম প্রিত্র পুণাক্ষেত্র জগনাথ-পুরীতে আগমন করিয়া মহাবিষ্ণু নীলধ্বজ জগনাথদেবকে দর্শন করে, সেই মূহুর্তেই তাহাদিগের সমস্ত পাপ মোচন হইয়া মুক্তি ও মোক্ষ প্রাপ্ত হয়।

এই কথা শুনিয়া ধর্মবাজ যন মহা-বিষ্ণু ভগবান্ ও আ্যাশক্তি লক্ষীদেবীকে যথাবিধি পূজা করিয়া নিবেদন করিলেন, হে জগনাতা আ্যানার বাকে। আমার ঘোর সংশয় দ্বীভূত হইয়াছে; একনে রূপাপূর্ব্বক অ্থম সন্তানকে এই বর প্রদান করন যেন ঐ রাজীব চরণকমলে এই পাপায়া সন্তান নিরন্তর সেবায় নিয়্ত হয়।

ভক্তবংসলা লক্ষ্মী ভক্তের নচনে সম্ভূষ্ট হউরা গদগদ চিত্তে কহি-লেন, হে ধর্মাজ! তোনার বাসনা পূর্ণ হউক। যমরাজ মহাশক্তি লক্ষ্মীদেবীর বচনে পূর্ণকাম হইরা আনন্দিত মনে স্বস্থানে প্রস্থান করিলেন।

হে মুনিগণ! এই পবিত্র জীকেতে ভগবান বিষ্ণু মধ্যাহ্ন ভপনরপী দাক্ষমূর্ত্তি ধারণ করিয়া নরণীলা করিবাব জন্ত বিরাজ করিতেছেন। এই তীর্থ ঈশ্বরের অত্যন্ত প্রিয়; এবং জগতের যাবতীয় তীর্থাপেকা শ্রেষ্ঠ। জীরগণ এই পুণা কেতে ভগবানের পুণরিপ দর্শন করিয়া পুনর্জনা ইইতে মুক্তি পাইয়া থাকে।

ব্রহ্মা, রন্দ্র, যম প্রান্ততি দেবগণ ও মহর্বি মার্কণ্ডের এই প্ররম পবিত্র শ্রীক্ষেত্রে জগনাপদৈবের মহান্ত্র শ্রবণ করিয়া সম্ভষ্টচিত্তে স্বস্ব স্থানে প্রস্থান করিলেন, এবং এই স্থানে বাস করিবার জন্ম ব্রহ্মা, রুজ, যম ও মহর্ষি মার্কণ্ডের পর্য্যন্ত প্রার্থী; এরপ সংস্থাপ্ত জগরাথক্ষেত্রে পুরুষোত্তম দেবকে দর্শন করিলে জীবগণ ভব সংস্থারে গমনাগমনজমিত ক্লেশরহিত হইয়া ভগবানে মিলিত হয় অর্গাৎ প্রন্ত্র হয় না; এই বলিয়া আতাশক্তি লক্ষ্মীদেবী নিত্তর হইলেন।
ইতি শ্রীক্ষেত্র-তত্ত্ব স্থবা প্রথম অধ্যায় সমাপ্ত।

#### দ্বিতীয় অধ্যায়।

সনকাদি ঋবিগণ এই সমস্ত বিবরণ প্রবণ করিয়া, শুক্জীকে কহিলেন, এই অপূর্ব গুপ্তাকেত্র জগরাথ-পূরী কির্দেশ প্রকাশ হইল এবং কোন্ মহাত্মা এই দারুনর্মূত্তি প্রতিষ্ঠা করিলেন বাহা সাধারণ সংসারী ব্যক্তিগণ প্রাপ্ত হইরাছেন, ইহা শুনিবার জন্ত আমরা অত্যন্ত উৎস্ক হইতেছি, রুপাপূর্ধক বর্ণনা করন।

ইহা শুনিয়া শুক্জী বলিলেন, হে ঋবিগণ! আমি এই প্রম্পবিত্র জগনাথ-ক্ষেত্রের শুভ-বারতা বর্ণনা করিতেছি আপ্নান্ধ মনোযোগপুর্বক শ্রবণ করুন। শত্র্গ পূর্বে এক সদাচারী সভাবাদী ধর্মজ রক্ষার পঞ্চম শীড়ির উত্তরাধিকারী, স্বাধাদিজ, অতুল ঐথ্যাশীল, প্রবল পরাক্রান্থ, সদা তপথী, প্রম্বর্থক, পিতৃভক্ত, প্রজাগালক, অতিথি পূর্ক ও সদ্প্রণ্যপূর্ণ ইক্রত্রাম নামক মহীপতি নানারত্ব্বক্ত অনরাব্রী তুলা মালব দেশের অন্তর্গত অবস্তীকাপুরী নামক নগরে বাস করিতেন। একদা রাজ্ব প্রাজ-পুরোহিত তিনজনে মিলিয়া মন্দিরে ঈশ্বরাব্যাক্র পূর্বক বিদ্যা আছেন এমন সময়ে অক্ষাৎ এক প্রম্ন স্থান্ধ ভূটধারী তপথী আসিয়া উপস্থিত হইলেন, রাজা দেখিয়া চমংকত হইয়া গলবন্ধে প্রণামপুর্বক আসন প্রদান করিয়া ব্যাবিধি পূর্ণ

করতঃ জিজ্ঞাসা করিলেন, হে ঋষিবর ! কি মানসে দাসের মন্দিরে সংসা আগমন এবং অধমের প্রতি কি আজ্ঞা হয় ? প্রকাশ পূর্বকি আনার চিন্তা দ্ব করুন। রাজার এইরূপ সন্থাবহারে ঋষি সম্ভইচিত্তে বলিলেন, হে রাজন ! আমি যাহা বলিতেছি, তাহা মনোগোগপূর্বক শ্রবণ করুন।

একদা আমি নানাস্থানে ভ্রমণ করিতে করিতে এক নিবিড় অরণা মধ্যে প্রবেশ করিয়া, উড়িয়া দেশে সমুজ্তীরে পরম পবিত্র প্রধান্তন ক্ষেত্রে দেখিতে পাইলাম, এইস্থান অতি প্রশংসনীয়; ভগবান নীলমাধব দেব প্রভাক্ষরপে বিবংজ্যান করিতেছে। অতাবধি অরণো পরিবেষ্টিত হইয়া গুপ্তভাবে রহিয়াছেন। আমি প্রায় এক বংসর কাল এই পবিত্র তীর্থস্থানে বাস করিয়া দেখিলাম প্রতিদিন রাত্রিকালে বেবগণ স্বর্গ হইতে অবতীর্ণ হইয়া এই পরম পবিত্র তীর্থে উপস্থিত হন, এবং ভাগাবান্ জগয়াথদেবের পূজা ও দর্শনাধি করিয়া স্ব স্থানে গদন করেন।

হে রাজন্! তুমি পরন ধান্ত্রিক, বিকুপরারণ ও সংপাত্র জানিত্র এই ওপ্র প্রাক্তের বিবরণ প্রকাশ করিতেছি। দেব-গণ বাহার পূরা ও দর্শনাভিলাবের জন্ত পর্য হইতে মর্ত্তে আদিরা আপন আপন অভীইসিক্ক করিয়া বাইতেছেন এই বিচ্ছু ভগবানকে দর্শন করা তোমার জাতীব আবিশুক এবং ঐ স্থানে রোহিণী-কুপ্র আছে, এই কুপ্রে স্থান ও মার্জনাদি করিলে, জীবগণ বাের পাতক হইতে উদ্ধার হইয়া মােক্সপ্রাপ্ত হয়। রাজা তপস্থীর এই সমস্ত বাকা শুনিরা অতান্ত সমুক্ত হইলেন এবং বারংবার উহাকে প্রধান ও পূজাকরতঃ জানন্দ্রহকারে মনােহর প্রশালা ঋবির গণদেশে প্রদান করিকোন, এবং জটাজুটবারী ক্তুত্বর্ম তপস্থী মহারাজা ইক্রছায়কে মহাবিষ্ণু ভক্তবংসল ভগবান্ নীলমাবব দেবের প্রসাদী মালা ও উহার প্রদন্ত এই উভয়মালা অপণ করিলেন। রাজা পরম যত্নে ঐ মালা স্থানান্তরে রাজিলেন। এবং জটাজ্টধারী তপস্বীকে কহিলেন, হে প্রভা। এই জীগ্র্মীশ-ক্ষেত্র কোন্দিকে আছে, কিরূপে বা নীলমাবব দেবের দশন পাইব, তাহা রূপাপূর্ব্বক বর্ণনা করন।

ইহা গুনিলা তপন্ধী কহিলেন, হে বাজন্! এই জ্লগণিশ শেলত লবণ সমুদ্রের তীরে উড়িয়া দেশে বিরাজিত বহিলাছে, এই পবিত্রস্থানে ভগবান্ জ্লগলাপদের নিরন্তর অবস্থান করিতেছেন, এইজন্ত এই ক্ষেত্রের নাম পতিত্রপাবন মহান্ ক্ষেত্র। লবিদাধি ধার্ষিগণ সর্বানা ঘাঁহার মহিনা কীর্ত্তন করিলা মন পরিত্র ও জীনে সকল করিতেছেন। হে বাজন্! এই প্রাক্ষেরের এক জ্লোশের মধ্যে কল্পত্রক বৃক্ষ বিস্তৃতভাবে আছে, উহার পশ্চিমে শ্বর লোক দিলের নিবাসস্থান, এবং শ্বরাদি স্থানের মধ্য দিলা এক অপ্রশন্ত পথ আছে। এ গলি প্রবেশ করিলে নীল্মাবর দেবের দশন পাওরা যায়। যে সমস্ত বাক্তি এই নীল্মাবরকে দর্শন করেন তাহারা জীবন্ত্র হন। উহাদিগকৈ প্নক্রির ভ্রম্পাধ্য হয়।

হে রাজন্। আপনাকে পরম ধার্মিক বৈষণৰ জানিয়া বলিতেই যে আপনি অকুটুল সহিত ঐ পরম পবিত্র প্রক্ষোত্তন কেত্রে বাব করেন। এই স্থানে আপনার স্থাপপুর্বাত্মা ব্যাপরারণ আচল ভক্ত বৈঞ্চবের বোগা স্থান। আনি আপনার নিকট ধন, এখ, মণিমাণিক্য প্রভৃতি ঐশ্ব্যাভিলাবে আগমন করি নাই কেবল এই জগনীশ ক্ষেত্রের মাহাত্ম্য শুনাইতে আসিয়াছি এই সমস্ত ক্ষ কহিতে কহিতে জটাবারী তুপন্ধী ঐ সঞা হইতে অন্তর্হিত হইলোন।
রাজা এই আশ্চর্যা ব্যাপার দেখিয়া বিহবলচিত্তে মৃচ্ছিত হইরা
পড়িলেন, পুরোহিত ও অস্তান্ত বান্ধান গুলীগণ বহু কৃষ্টে সংজ্ঞালাভ
করাইলেন। তখন কাজা কহিলেন, প্রোহিত মহাশর ও ব্রান্ধাণমগুলীগণ! আপনান্ধিগের আশীকাদে আমার মনস্কামনা পূর্ণ
হইলাছে, এক্ষণে জটিল তপন্ধীর উপদেশে ঐ পরম পবিত্র জগদীশ
ক্ষেত্র দর্শন করিতে অত্যন্ত উৎস্কুক ইইতেছি।

হে প্রোহিত মহাশর! সত্ত্বর আমার এই বাসনা পূর্ণ করুন।
উক্ত পুণাক্ষেত্র দর্শন না পাইলে আমার কোন কার্য্য করিতে
ইন্ডো হইতেছে না এবং আমার সম্পূর্ণ আশা হইতেছে, এই কার্য্য আপনা হইতে অনায়াসে সম্পন্ন হইবে।

ইহা শুনিরা প্রে।হিত মহাশর কহিলেন, হে মহারাজ! গাপনি বৈর্যাবলদন করুন! কিরুপে এই পরিত্র তীর্থ লাভ হইবে তাহার উপার বলিতেছি আমার কনিষ্ঠ লাতা বিভাপতি দেশ লুনও তীর্থ শোলন বিবরে সম্পূর্ণ পারদর্শী আমি তাহাকে উক্ত পরিত্র তীর্থে প্রেরণকরতঃ শোধন করিয়া লইলেই তবে এ খানে বাস করিবেন এবং ঐ অধ্যনে যজ্ঞের ফলদায়ক পরিত্র প্রথমোত্তম ক্ষেত্রে বিফ্ ভগনানকে দর্শনকরতঃ জীবন সার্থক করিব! রাজা প্রোহিতের এই সমন্ত কৃথা শুনিয়া গাবোপানপূর্ব্বক উহার কনিষ্ঠ লাতা বিভাপতির নিকট উপস্থিত হইলেন, এবং উহাকে প্রণামপূর্ব্বক নিবেদন করিলেন, হে বিপ্রবল্ধ! আপনি পরম পণ্ডিত ও দেশ লুমণ বিষয়ে অতি স্বচতুর জানিয়া আপনার নিকট আপিরাছি। একণে আমার উপর দয়া করিয়া উক্তিয়াদেশে পুরুষোত্তম ক্ষেত্রে শ্রীলমাধ্ব

দেবের আবাসস্থান শোধনকরতঃ ঐ পবিত্র জগ্মাথ ফেন্তের বিবরণ আমাকে শ্রবণ করাইবেন। ইহা কহিয়া রাজা গ্রহাদ বচনে বিনয় সহকারে সাষ্টাঙ্গে প্রণামপূর্বক দণ্ডায়মান রহিছেন। ইহা দেখিয়া বিভাপতি রাজাকে বহু উপদেশ দাবা ধৈর্যাবিল্যন করাইয়া কহিতে লাগিলেন, হে রাজন! আমি আপনার আজ্র শীর্ষ পালন করিব। সত্তর এই সমাচার আপনি প্রাপ্ত হটবেন। আজ আমি আপনার প্রসাদে ধন্ত হইলাম। যে বিফু নীক্ষাপ্র **एमर्वित पर्ननाञ्ज्ञितर अर्थ इट्रेट एम्वर्गन अर्थाय मर्द्धा जानुबन** করেন আত্ম সেই জগনাথদৈবের মৃত্তি এই চর্ম্মচক্ষে দর্শন করিল জীবন সার্থক হইবে। এইরূপে রাজাকে বিলায় করিয়া বিভা পতি ঈশ্বর দর্শনাভিলাবে উৎস্কু হইয়া দক্ষিণ সনুদের দিকে গমন করিলেন। এবং কতকদূর বাইতে যাইতে মহানদী পার হইত। শবর নামক অরণ্যে প্রবেশ করিলেন। এই স্থানে বিকু ভগবানের পরম ভক্ত বিশ্বাবস্থ নামক শবর নাস করিতেছিলেন। সমসং বিগ্যাপতিকে এই নিবিড় অরগো ভ্রমণ করিতে দেখিয়া অভিবাদন পূর্ব্বক কহিলেন, হে দ্বিজবর ! মহসা কোনু স্থান হইতে আগখন ? এই ভ্যানক জন্মলে কি নিমিত্ত লম্ব করিতেছেন; আপনার নাম কি ? বিশ্বাবন্ধর এই স্থমধুর বাকো বিছাপতি কহিলেন, জ বিপ্র ! আমি অবস্তীকাপুরের রাজ পুরোহিতের কনিষ্ঠ জ্রাতা, নাম বিভাপতি; মহারাজ নালমাধব দেবের তীর্থস্থান শোষনের জন্য প্রেরণ করিয়াছেন। আমাদের মহারাজার ইচ্ছা যে তিনি সমৈন্ত, সপরিবারে এই ক্ষেত্রে বাস করেন। 🕫 বিপ্রা এই জন্তই আমি আগমন করিয়াছি; অতএন নীলমাধব দেবের মন্দিরে যাইবার স্থগম পথ আমাকে দেখাইয়া দিন।

ইহা শুনিয়া বিশ্বাৰস্থ বিভাপতিকে কহিলেন, হে বিপ্ৰবর !

একণে আপনি আমার আশ্রমে অবস্থান করিয়া রাত্রিযাপন করন।

বিভাপতি কহিলেন, আমি জগংপতি জগদীশ্বর, দীনবন্ধ,

ভগবান্ নীলমাধবের দশন না করিয়া বিশ্রাম বা আহারাদি

করিব না কৃতসংক্ষ করিয়াছি। একণে আপনি দ্যা করিয়া

শীঘ্র ভগবান্ দশনের উপায় বলিয়া দিন।

বিভাপতি ঈশ্বর দশনে উৎস্থক ও আগ্রহ দেখিরা বিশ্বাবস্থ উহাকে সমভিব্যাহারে লইরা একটা অপ্রশস্ত পথে প্রবেশ করি-লেন এবং রোহিণীকুণ্ডে স্নান করাইরা বাঞ্চাবটের আলিঙ্গন করাইলেন এবং নীলবর্গ স্থাকান্তি সর্বাঙ্গ স্থান স্থানজার-ভূমিত জগদায়া, বিষ্ণু, নীলমাধন দেবের দর্শন করিরা প্রমানন্দে সচিদানল ভগবানকে কহিতে লাগিলেন হে দেব দেবেশ! আপনি জগদায়া জগদাধার দেবগণের অচিত্তনীয় এই পবিত্র ক্ষেত্রে পূর্বপা জগরাপর্যাপ বিরাজ্যান করিতেছেন; আপনাকে কোটা কোটা প্রণান করি। আপনার মহিনা ও গুণকীর্ত্তন জগংযাতা জগদ্ধা, গণেশ ও মহেশ প্রভৃতি দেবগণ প্রযান্ত করিতে অসমর্থা; এক্ষণে আপনার দর্শন ও প্রশ্বিকরন।

বিভাপতি ও বিশ্বাবস্থ এইরপে ,ভগবানকে স্তবকরতঃ আনন্দে মুগ্ধ হইয়া বসিয়া পড়িলেন তৎপরে বিশ্বাবস্থ বিভাপতিকে কথিলেন হে দিলবর! রাত্রি অধিক হইতেছে অরণ্যের পথ রাত্রিকালে ভয়ানক ভয়, স্পতরাং এস্থান হইতে প্রস্থান করন। একথা শুনিয়া বিভাপতি কহিলেন, হে ব্রাহ্মণ! আমি অস্থ রাত্রি এই স্থানে বিশ্রাম করিব আপনি গৃহে প্রভাগমন করন,

भूनकीत विश्वविद्य विनित्नन, हि विश्ववत ! जाशनि अन्नभ क्था কেন কহিতেছেন: এই সমস্ত পুণাক্ষেত্রই ভগবান নীল্মাধ্যবর এই স্থানে অবস্থান করাও বে ফল আশ্রমৈ থাকাও সেই ফল এথানে রাত্রিতে সিংহ বাঘ প্রভৃতি হিংস্রফ অস্থাণ হিংসা ক্রিতে পারে, এ নিমিত্ত রাত্রিকালে কেহই এখানে অবস্থান করিতে সাহস করেন না। এইরূপে বিফাপতি ও বিশ্বাবম্ব উভয়ে জগদীখরের নির্দ্ধাল্য (প্রসাদ) ভক্ষণ করিলেন এবং স্থানন্দ-সহকারে বিভাপতি কহিলেন, হে মিত্রবর ! ভগবান নীলমাধব দেবের প্রসাদ কোন ব্যক্তি কিন্ধপে সমর্থন করেন। ইহা ভনিমা विशेषक कहिलान, ट्रिमिज विक्रवत । छशवास्त्र पर्नास्त्र क्रश्च অমর (দেবতাগণ) প্রত্যন্ত রাত্রিকালে আগমন করিয়া উক্তম উত্তম সামগ্রী ছারা ঈশবের পূজা ও ভোগ দেন; হুতরাং धरे अमान आठ:कारन जामता आध हरे. हेश बाता जामता আপনার জীবন নির্বাহ ও অতিথি সংকারাদি ধর্মরক্ষা করিয়া থাকি। স্থতজীর এই সমস্ত কথা শুনিয়া শ্ববিগণ বলিলেন, হে মুনিবর! পূর্বাপর সমন্ত বৃতান্ত প্রবণে আমারা অক্টান্ত সম্বষ্ট হইলাম, কিন্তু ইহার অগ্রে বিভাপতি বিশ্বাবস্থকে ছ বলিয়া-हिल्म थवः बाबा हेक्क्या किकार थहान वान स्वित्तन । कि श्रृकात्त जगरान् नीनमाधव मारतत्र मान्नमत्र मूर्जि श्राकृति कति-(यम हेंहा मिरिछात सामामिशक वर्गमा कक्म।

স্তভী কহিলেন, হে ঋষিগণ! বিধাবস্থর এই সুমন্ত কথা ভনিরা, বিভাপতি আননেদ মগ্ন হইরা বিধাবস্থকে ভগনান স্বরূপ জ্ঞান করিয়া আলিঙ্গন পূর্বক কহিলেন, হে মিত্রবর। যেগানে অবস্থান করিলে জীবগণ ভগবান নীলমাধ্ব দর্শনে নোক্ষ পাইরা ভগবান স্বরূপ ইইরা বায় সেই পবিত্র ক্ষেত্রে আপনি সর্বাদা বাস করিয়া জীবন সার্থক করিতেছেন।

ওহে দেব দেবেশ দেব প্রশংসনীয়, আমি সম্পূর্ণ কাম, মোক, লোভ ও মোহাদিরহিঙ সাক্ষাং বিফুম্বরুল, আজু আপনার দর্শনে আমার পূর্বজনার্জিউ পাপ সকল ন্ট হইয়া জীবন সফল হইল। একণে আপনি কুপা করিয়া আশীর্বাদ কুলন বে আমরা রাজ-সমভিব্যবহারে এই পুণাক্ষেত্রে বাসকরতঃ ভগবান্ নীল্মাধ্ব দেবের সেবা ও আপনার দর্শন করিতে পারি।

ইছা শুনিয়া বিশ্বাবন্ধ বলিবেন, হে মিত্রবর। আপনার কোন চিন্তা নাই। নিশ্চয় জন্নবিনে মহারাজ ইক্সহায় স্বকুটুৰ সহিত এই পবিত্র পুণ্যক্ষেত্রে বাষকরতঃ সহাযাগবক্ত ছারা ঈশ্বর নীলমাধৰ দেবের মূর্ত্তিকার্চ ( দারু ) প্রস্তুত করিয়া প্রতিষ্ঠাপূর্ব্বক ভগবানের মাহাম্মা বাড়াইবেন। পুরাকালে এই সকল বৃত্তান্ত ভগবান্ স্টিকর্তা চতুর্থ ব্রন্ধার নিকট বলিয়াছিলেন; অতএব আপনি নিশ্চিত্ত থাকুন। আপনাদিগের রাজার অভীষ্ট সম্পূর্ণ সিদ্ধ इंडेरव अवः स्नानमामित्यत वनःकीर्ति क्रिकान क्षकान शांकिरव। হে মিত্র 1 রাত্তি অনেক হইরাছে আপনি বিশ্রাম করুন আমিও अशान कति, देश करिया विचावस अशान अशान कतिला। এইরপে বিস্থাপতি ভগরান নীলমাধ্ব দেবকে ধ্যান করিয়া শরন क्रिलन। निजापितौ विशापित छेपत आविजीय रहेबाहन. এমত সময়ে ভক্তবংসল ভগবান্ নীলমাধৰ দেব নিজিত বিছা-পতিকে শ্বপ্ন দিতেছেন। হে বিপ্রবর। আমি তোমার উপর সম্ভষ্ট হইরাছি, শীল ভূমি রাজাকে সমভিব্যবহারে লইয়া আইস, রাজার আগমন হইলেই তোমাদের কামনা পূর্ণ হইবে; ইহা কহিয়া ভগবানু রাজার নিমিত্ত এক ছড়া পুল্মাল্য বিভাপতির रत्य थानान क्तिया अकेतान इरेलान। विद्याशिव धरे युन्तत আশ্চর্যাজনক স্থপ্ন দেখিলা গাডোগ্রান করিবেল এবং এ সময়

আপন মিত্র বিশাবস্থাকে আহ্বান করিয়া স্বপ্ন বৃত্তান্ত কহিলেন, ইহা শুনিরা বিশাবস্থ চমৎকৃত হইরা উহাকে ও রাজাকে বঁছ ধক্তবাদ প্রদানপূর্বক কহিলেন, হে মিত্র ! তুমি অবিশব্দে মহা-রাজের নিকট গমন কর এবং ভগবানের স্বপ্নরূপী প্রত্যাদেশ প্রবণ করাইয়া উইংকে আনয়ন কর ।

বিভাগতি মিত্রের বচনে বিলম্ব না করিরা শীঘ্র বিদায় লইরা প্রস্থান করিলেন। বিভাগতির আগমনবার্তা প্রবণ করিরা রাজা আনন্দিত মনে উহার নিকট গমন করিলেন এবং বিভাগতির সহিত সাক্ষাংকরতঃ সমাদরে উহাকে লইরা গৃহে প্রত্যাবর্ত্তন করিলেন ও দিব্য আসন প্রদান করিরা জিজ্ঞাসা করিলেন, ছে বিপ্রবর। আপনি ভগবান্ নীলমাধ্ব দেবের দর্শন পাইরাছেন বা ঐ প্রতিত্র ক্ষেত্র ক্ষিরণ দেখিরাছেন, তাহা স্বিস্তারে আমাকে

বিভাগতি কহিলেন, হে মহারাজ! আগনার যদকৌর্তি ও প্লোর প্রভাবে ঐ ক্ষেত্রে পছছিয়া জটিন তপবীর কথাছুসারে ভগবান নীলমাধব দেবের দর্শন পাইরাছি এবং আমার নবীন মিত্র বিধাবস্থর সহায়তায় সম্পূর্ণরূপে ফল পাইয়াছি, এক্ষণে ঐ ক্ষেত্রের বিবরণ বিস্তারিতরূপে কহিতেছি মনোযোগপূর্বক প্রবণ কর্মুন।

হে মহারাজ! আপনার অটিল মুনির কথামুসারে কুইং বৃহৎ
ফুর্গমৃ অরণ্যে পর্বান্ত, নদী, খাল, বিল পার হইরা ঐ ক্টানদীর
দক্ষিণে সম্প্রতীরে যাইরা ঐক্তেরে ভগবান্ নীলমাধব দেবের স্থান
দেখিতে পাইলাম। ঐ ফুর্গম অরণ্যে পথ দেখিতে পাওঁরা কঠিন
হইরা উঠিরাছিল। কিন্ত ভগবান্ নীলমাধব দেবের কুপার এক
সংপ্রণামী ভগবান্ চরণামুরাগী পরোপকারী বিবাবক নামক
বিরক্তে দেখিতে পাইলাম, তাঁহার কুপার এ ফুর্গম পর্বাত ও প্র

**गरुन गरुक भात रहेशा छगरात्में मर्ननामि नाछ कत्रछ:** নিশ্চিন্ত-মনে শরন কল্লিয়া আছি এমন ক্নঁময়ে ত্রিতাপহারী ভগবান্ नीनमाध्य (मय এই माना जाभनात्क ममर्थनभूर्सक প্রত্যাদেশ করিলেন, হে বিপ্রবর্ষ ! তোমাদিগের মহারাজকে (ইক্রছার) **यरे शान जानवन** केत्र, देश किशा नुकाविष हरेलन। यहे. আশ্র্যা স্বপ্নবিবরণ আমার মিত্রকে জানাইয়া তাঁহার অমুমতি গ্রহণপূর্মক প্রস্থান করিলাম। বিশ্বাপতির এই সমস্ত কথা ওনিয়া, মহারাজ কুঠাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়া বলিলেন; হে হিজবর ! অন্ত আপনি আমাকে কুতার্থ করিলেন ; অ**তা**-বধি আপনার এই খ্রীতিজনক গুণামুবাদ আজন্ম পর্য্যন্ত আমার হদরে গ্রথিত রহিল। মাণনার অহগ্রহে আজ আমার সম্পূর্ণরূপে कार्या मन्भन इरेन। है रेश किहन्ना स्नेयत श्रामुख भागा গ্রহণপূর্বক রাজা আপন ভাগাদৈবীকে ধন্তবাদ দিতে লাগিলেন। এই আনন্দে সভাস্থ বাকিনাতেই মুগ্ধ, এমন সময়ে স্ষ্টিকর্তা ব্রহ্মার পুত্র মহর্ষি নারদ স্কুসা রাজসভার আগমন করিলেন। রাজা দেখিয়া চমৎকৃত হই के कुठाञ्जनिभू हो সম্ভাষণপূর্বক কহিলেন, হে মুনিশ্রেষ্ঠ ব্রহ্মানুদন। আপনার আগমনে আমার গৃহ পবিত্র হইল। অভ দাসের পরম সৌভাগা, নতুবা আমি, ত্রিকালজ महाळानी महर्वित्र नक्न किन्नत्न भारेत। दह महर्र्व ! जामात्क এরপ জান-উপদেশ প্রদান করুন, যাহাতে धर्म, অর্থ, কাম, ংমোক প্রভৃতি চতুর্বর্গ কলপ্রাপ্ত হওয়া বার। ইহা ওনিরা महर्वि नात्रम मञ्जूष्टे हिर्देश त्राकारक कहिरणन, रह ताकन्। पूमि পরম ধার্ম্মিক, বৃদ্ধিনান ও জানী; এই নিমিত আমি তোমাকে জ্ঞানের সাধনার আৰু মুক্তি ও সাধকের উপার বলিতেছি তুমি मरनारनाशभूसक अक्षा कत्र, वह छेनामान राजाना मरनावास

পূर्व हरेंदिक । উড়িয়া দেশে সমুদ্রতীরে পরমন্ত্রক পরমেশর মহাবিষ্ণু নীলমাধব দেবের স্থান আছে, বাঁহার দর্শনে প্রাণিগণ
মোকপদ প্রাপ্ত হর । আপনি পরম বৈষ্ণব, আপনার স্থার বীর
বীর, নীতিনিপুণ ব্যক্তি ঐ স্থানে গমন করিলে ঐ তীর্থ অধিক
ফলপ্রাদ হইবে । এই উপদেশ বাক্য পিতা আমাকে বলিয়াছিলেন ।
স্থতজী কহিলেন, হে ম্নিগণ ! জটিলম্নির কথা, বিভাপতির
সমাচার ও মহর্বি নারদের উপদেশ লইরা রাজা ইক্রন্থার সমৈনিক,
কুটুৰ, পরিবারবর্গ, অমাত্যগণ, প্রজাগণ, হন্তি, অর্থ প্রভৃতি জন্ধগণ ও তাবং বন্ধ সকল লইরা বাইতে আজ্ঞা করিলেন।

রাজাজা শুনিয়া মন্ত্রী আনন্দিত মনে ভগবান্ মহর্ষি নারদ ও কুলদেবতা ব্রাহ্মণগণকে পূজা করিয়া সদৈন্তে রাজ সমভিব্যাহারে অবস্তীকা (উজ্জায়নী) পুরী হইতে বহির্গত হইলেন।

মিলিত হইরাছে। এই তীর্থে স্নান করিলে জীবগণের সপ্তজ্ঞমাজিত পাপ হইতে মুক্ত হয়। মহর্ষি নারদের বাক্য শ্রবণ করিয়া রাজা প্রক্রমচিত্তে স্নানাদি ক্রিয়া সমাপনপূর্বক এক আদ্রকাননে শিব দর্শন ও পূজা করিতে লাগিলেন।

ইতি শ্রীকেত্র-উব্ব-মধা মাহাত্ম্য দিতীয় অধ্যায় সমাপ্ত।

#### তৃতীয় অধ্যায়।

মূনিগণ কহিলেন, হে স্থতবর । মহারাজ ইশ্রহার আন্ত্র-কাননে কি করিলেন, পুনর্কার কোন্ হানে যাত্রা করিলেন, তাহা আমাদিগকে বিভারপূর্কক বর্ণনা করুন।

ইহা শুনিরা স্থান্তলী বলিলেন, হে মুনিগণ! রাজা ইক্রতাম আত্রকাননে প্রবেশকরতঃ শব্দ ঘণ্টাদির শব্দ শুনিতে পাইরা মহর্ষি নারদকে জিক্কাসা করিলেন, হে দেবর্ষে! এই স্থানের নাম কি, কোন্ মহাক্ষা এই দেবতা প্রতিষ্ঠা করিয়াছেন, এবং এই বিশাল শিবরূপী হরিহর মূর্ত্তি কিরূপে হইলেন, ইহার বিবরণ শুনিতে বড় ইচ্ছা হইক্লাছে।

ইহা তানিরা দেবর্ধি নারদ কহিলেন, হে রাজন্! একদা কৈলাসপতি মহাদেব, কাশীধান হইতে জীক্ষেত্রে নীলমাধর দেবের দর্শনাভিলাবে আস্মিছিলেন, প্রস্তাাগমন সমরে এই রমণীয় স্থানর কানন দৃষ্টিপথে পতিত হইলে, কৈলাসপতি মহাদেব ভগবান্ নীলমাধবের ধ্যান করিয়া এই স্থানে তপস্থায় নিমগ্ন হইলেন। ভক্তবংসল ভগবান্ নীলমাধব দেব শহরের এই যোর তপস্থা দেখিরা উপস্থিত ইইয়া কহিলেন, হে কৈলাসপতি মহাদেব! আপনি কি নিমিক্ক এরপ যোর তপস্থায় নিমগ্ধ আছেন, তাহা कुशाश्रुर्कक व्यामारक गुक्क कक्रन। देश अनित्रा भवत कहिरवन, হে ভক্তবংসল বৈকুণ্ঠস্বামী জগংচিস্তামণি ভগবান ! আপনি সকলের মনোভাব সম্পর্ণরূপে পরিজ্ঞাত থাকিয়া আমাকে কেন পরীক্ষা করিতেছেন, হে অন্তর্যামী জগদীশ! এক্ষণে আমার অভিলাষায়-याशी वत अमान कक्रन। देश छनिया छगवान नीमनाधवरमव कहिलन, हर जिल्लान सामी किलामभिक महास्मर। स्राप्त हरेट এই ভরানক নিবিড় অরণ্যে তোমার নাম থ্যাত হইল, আমি তোমার অদ্ধান্দদেহে সতত বিরাজিত হইয়া সম্পূর্ণরূপে বাসনা **পূर्व कत्रिय। ই**श कहिशा जगतान् नीन**श्वक अख**र्गान हेरेलन। হে মহারাজ! সেই অবধি এই স্থান ভুবনেশ্বর নামে প্রাসিদ্ধ হইয়াছে। যে সময়ে ভগবান্ রামচক্র সমুক্ততীরে রামেশ্বর শিবের প্রতিষ্ঠা করিবার জন্ম রুদ্ররূপী হনুমানকে সমন্ত তীর্থের জল আনিতে অমুমতি করিয়াছিলেন, প্রবন্দন হনুমান সমস্ত তীর্থ পরিভ্রমণ করতঃ পরিশেষে এই স্থানে আসিয়া উপনীত হইলেন. এবং এই বিশাল শিবরূপী হরিহর মূর্ত্তি দর্শন করিয়া 🏟 ভীর্থ জন হইতে একবিন্দু লইয়া শঙ্করের মন্তকে প্রদান করিবামাত্র এই স্থবিস্তীর্ণ সর্ব্বপাপনাশক পতিতপাবন সরোবর উৎপন্ন হইন, এঞ্চন্ত এই সরোবরে মান করিলে দর্ব্ব তীর্থের ফলপ্রাপ্ত হওয়া বার এবং এই লিঙ্ক দর্শন করিলে সমস্ত লিঙ্ক দর্শনের ফললাভ ছয়।

হে রাজন! এই কৈলাসপতি শব্ধরের পূজা করিছা অন্ত এই স্থানে বিশ্রাম করিতে হয়। দেবর্ষি নারদের এই কথা জনিয়া রাজা ইক্রত্নায় অপরিবারে অমাত্যা, প্রজা ও সৈত্যগণ সহিত বোড়শোপচারে সদাশিবের পূজাদিপূর্বক রাজণ ভোজনাদি করাইরা ঐ
স্থানে অবস্থান করিলেন। দ্বিতীর দিবস প্রাতঃলানাদি করতঃ
কৈলাসপতি ভূবনেশ্ব মহাদেব দর্শন করিয়া নীলাচল পর্কত

সমীপে ভার্গবা নদীজীরে কপোতেশব বা বিবেশর বালুকামর পৃথিবীতে সদৈত্যে শকুরুষ সহিত উপনীক্ত হইলেন, এবং কপোতেশর ও বিবেশরের উপাত্তির কারণ দেবর্যি নারদকে জিজ্ঞাসা করিতে লাগিলেন, নার্কাশবি কহিলেন, হে রাজন! প্রাকালে ছাপরযুগে বিষ্ণু ভর্গবান্ পৃথিবীর ভারহরণ করিবার জন্ত (বহুবংশীর) বস্থদেবের ওরসে দৈবকীর গর্ভে জন্মগ্রহণ করিলেন, ঐ সমরে ভগবান্ প্রীকৃষ্ণ বহুবংশীরদিধের সহিত এস্থানে আসিরাছিলেন, প্রত্যাগমন সমরে রাক্ষসগণ শ্রীকৃষ্ণ ও যাদবগণের উপর মহা দৌরাত্ম আরম্ভ করার ভগবান্ এই বিষরক্ষের নিমদেশে শব স্থাপনাপূর্বক উহার নিকট হইতে বর লইরা রাক্ষসদিগকে ধবংশ করিয়াছিলেন, এজন্ত এই স্থানের নাম বিবেশর; এক্ষণে কপোতেশবের ঐতিহাসিক কৌতুক ব্যাপার শ্রবণ করহ।

একদা কৈলাসপতি মহাদেব কাশীধাম হইতে ভগবান নীলমাধবের দর্শনাভিলাকে আসিরাছিলেন, কিন্তু কোন কারণবশতঃ
ভগবানের দর্শন না পাইরা কৈলাসেখর এই স্থানে বোর তপস্থার
নিমন্ন হইলেন; এবং তপস্থা করিতে করিতে স্থানর পারাবতের
ক্যায় আকার ধারণ ক্ষরিলেন। শব্দরের এইরূপ কঠোর তপস্থা
দেপিরা বিষ্ণু ভগবান্ সম্ভইচিত্তে দর্শন দিলেন, সেই অবধি এই
লিঙ্কের নাম কণোতেখন্ন হইল।

হে রাজন! অর্থ আপনি এই নিঙ্গার্চনাপূর্বক আদাদি কার্য্য সমাপন করন। এই উভর নিঙ্গ জীবের কামনা পূর্ণ করিয়া ইচ্ছামত ফলপ্রদান করেন, রাজা মহর্ষি নারদের নিকট এই সমস্ত কথা প্রবণ করিয়া রাজ্যে সমস্ত ব্যক্তিগণ ও স্থপরিবার সহিত বিধিমতে নিজার্চনাপূর্বক ভগবান্ নীলমাধ্ব দেবের দর্শন অভিনাদে ব্রশ্ব প্রার্থনা করিলেন। মৃতজী কহিলেন, হে ঋবিগণ! দেব্ধি নারদের বচনে রাজা
সমস্ত কার্য্য সমাপন করিলেন এবং এই স্থান হইতে প্রত্যাগমনের
সমর রাজার বাম চকু নৃত্য করিতে লাগিল; রাজার এই মাণ্ডত
লক্ষণ দেবিরা মহর্ষি নারদকে জিজ্ঞাসা করিলেন দেবর্ধে অভ কেন
অভত লক্ষণ দেবিতেছি, আমার কি কোন কার্যে ক্রটী (অপরাধ)
হইরাছে, আপনি ত্রিকালজ্ঞ সমস্ত অবগত আছেন। কিকরের
প্রতি দরা প্রদর্শনপূর্বক বর্ণনা করুন।

ইহা শুনিয়া দেবর্ধি কহিলেন, হে রাজন্। অন্থ তোমার একটা সস্তান উৎপন্ন হইবে এজন্ম নীলমাধব দেবের দর্শন পাইবি না। এই স্থানস্থিত ভগবান্ শঙ্কর আপনার প্রেরিত বিপ্রবরকে স্থক্ষপ দর্শন দিয়া অন্তর্হিত হইরাছেন সেই দিন হইতে এই স্থানের স্বর্শ বালুকা পীতবর্ণ হইরাছে।

স্তজী কহিলেন, হে শৌনকাদি ঋষিগণ। দেবৰ্ষি নারদের কথা ভানিরা রাজা বজাহত বৃক্ষের ভার পতিত হইলেন, রাজাকে মূর্চ্ছিত দেখিয়া চতুর্দ্ধিক হইতে সমস্ত লোক হাহাকার করিয় রাজার নিকট আসিল এবং শোকাকুলচিত্তে ব্যগ্র হইয়া বিলাপ করিতে লাগিল। ইহা দেখিয়া দেবর্ষি সকল লোককে ধৈয়্য করিক্স রাজার সংজ্ঞালাভের জভ্ত উপার দেখিতে লাগিলেন। বহু চেটার্ম রাজার সংজ্ঞালাভ হইল, তখন দেবর্ষির চরণ ধরিয়া বলিলেন, হে ঋষি-রাজ! ইহা আমার কোন্ জন্মের মহাপাতকের ফল, কিরূপে এই পাপ হইতে মুক্ত হইব, ক্লপাপুর্বক ইহা বর্ণনা কর্মন, নতুরা আমার স্বপরিবার ও প্রজা বর্গ সহিত পুত্রগণ স্বদেশে প্রভাবর্তনে আজা দিন, উহারা নিজরাজ্যে গমনপূর্বক রাজ্যরক্ষা কর্মক, লামি উপরের দর্শন ব্যতীত যাইব না, হায়! এই হতভাগ্যের জভ্ত ভগবান্ অন্তর্তিত হইলেন, অত্যেব ও জীবন ভগবান্ পদে

সমর্পণ করিব স্থির করিয়াছি; ইহা কৃহিয়া পুনর্কার মৃতিহত ইহলেন। দেবর্ধি নারক বহু প্রকারে চৈতক্তলাভ করাইয়া কহিলেন হে রাজন ! ভূমি ধীর, বীর, জানী হইরা কুদ্র মানবের ফ্রার কেন কাতর হইছেছেন, তোমার উপর ভগবানের বড়ই অন্থগ্রহ, এই কথা বলিইত বলিতে পাতালদেশে স্থলর গন্তীর-ক্ষপধারী ভগবান নৃসিংইদেবের মন্দিরের নিকট উপস্থিত হইগা মহর্ষি নারদ রাজাকে বলিলেন, হে মহারাজ! সন্মুখে এই পর্ম পবিত্র আনন্দজনক বিশাল-লোচন সর্বাঙ্গত্মন্দর দৈত্য-विनामक जगरान नृतिः होत्तव विजाज क्षत्रिटाइन, वाहाज पर्याटन অজ্ঞান তিমির নষ্ট হইবা জ্ঞানরপ জ্যোতি:প্রাপ্ত হওরা যার, হে রাজন্! যে পর্যান্ত বিষ্ণু ভগবানের দর্শনলাভ না হয়, সেই चरिष **এই नृतिःह**रमदिक शृक्षाम्न नियुक्त थोक, এবং ইহার সন্মূখে যে বিশাল বৃক্ষ দেখা বাইতেছে, এই বৃক্ষ সাক্ষাৎ বিষ্ণুৱাশী হইয়া স্লোভিত রহিয়াছে, যাঁহার ক্রোশব্যাপী ছায়াতে গমন করিতে করিতে প্রাণীগণ মুক্তিলাভ করিয়া থাকে, হে রাজন্! भागनि এই স্থানে অৰুস্থানপূৰ্বক ভগবান্ নৃসিংহদেব ও কল্ল-বৃক্ষের পূজায় নিমৃক্ত থাকুন, ইহারা উভয়ে তোমার মনোবাসনা পূर्व कतिरवन। এই क्रूंक्यत शिक्टाम ७ नृमिःश्रामय উত্তরে ভগবাन् নীলমাধৰ দেবের আক্লাস স্থান বে স্থান হইতে ভগবান অভাহিত হইয়া শ্বেত্থীপে গমন করিয়াছেন; শ্বেত্থীপ ঈশ্বরের অত্যন্ত ঁ প্রির স্থান। এই স্থান হইতে ভগবান্ নীলমাধবদেব তোমার উপর কুপা করিয়া দাক্ষময়কপে অধিচানপূর্বক তোমার মনোবাঞ্চা পূর্ণকরত: এইস্থানে অর্কেক প্রকার ভোগ বিলাশ করিবেন।

স্তজী বলিলেন, ছে ঋষিগণ i নারদ মুনির এই সমত কথা শুনিরা রাজা ইক্সছায় ইবিফুরণী তগরান্ নৃসিংহদেবের বিবিধরণে পূজাকরতঃ তথ করিতে লাগিলেন। এমন সমরে সহসা দৈববানী হইল, হে মহারাজ। স্টেইকর্তা ব্রহ্মা দেবর্ধি নারদকে তোমার নিকট পাঠাইরাছেন অতএব শ্ববি যাহা বলিবেন ব্রক্ষাজ্ঞানকরতঃ তির বিখাস রাখিবে, তাহা হইলে এই স্থানে অবগু তোমার ঈশর দর্শন হইবে। হে মহারাজ। তুমি দেবর্ধির কথাস্থারী কার্য্য কর রাজা ইক্ষত্ম এই মনোহর গন্তীরবাকা প্রবণ করিয়া অত্যন্ত আনন্দিত হইলেন, এবং বারশার দেবর্ধির চরণে প্রণাম করিতে লাগিলেন।

স্থান কহিলেন, হে নৈমিবারণা বাসিগণ! তথন নারদ কবি রাজাকে বলিলেন, হে রাজন! পুরাকালে জগৎ পিতা এজার স্থাপিত নীলকণ্ঠ নামক মহাদেব আছেন, চলুন আমরা সকলে সেই স্থানে কিছুদিন বাস করি, সেই পবিত্র স্থান সম্পূর্ণ বাঞ্চিত ফলপ্রদ, ইহা শুনিরা রাজা অপরিবারে মহর্বি নারদের সহিত তথার গমন করিলেন, এবং বিবিধ প্রকারে ভগবান নীলকণ্ঠদেবের পূজা করিতে লাগিলেন এইরূপে পাঁচদিন অভিবাহিত হইরা গেল। দেববি নারদের আজ্ঞান্থসারে রাজা ইক্রছার বিশ্বক্ষা ছারা এক বিশাল মন্দির প্রস্তুত্ত করিতে লাগিলেন, ইহাতে দৈক্তাদলনকারক, ভক্তপ্রতিপালক, সম্পূর্ণ অবিজ্ঞানাশক ভগবান নিসংহ-দেবের প্রতিষ্ঠা হইবে।

স্তলী বলিলেন, হে ঝবিগণ! এইরপে জ্ঞানৠণসম্পন্ন পরম ধার্মিক রাজা ইন্ধ্যার মহাসমারোহে ভগবান নৃসিংহ-দেবের প্রতিষ্ঠাকরতঃ দেবর্বি নারদের সহিত ভগবানের ত্তব করিতে লাগিলেন, এইরপে তাব সমাপ্ত হইলে রাজা মহর্বি নারদের আক্রান্থসারে একণত অধ্যেধ বজ্ঞের সামগ্রী থাকিতে পারে এরপ একটা বুহুলাকার বজ্ঞালা প্রস্তাত করিতে অনুষতি দিলেন, এবং

কতি কর সমরের মধ্যে উক্ত বজ্ঞশালা প্রকৃত হইল দেখিরা রাজা দেবর্বির আঞ্চাহসারে বজ্ঞারতে প্রবৃত্ত হইলেন, এইরূপ নহান্ বজ্ঞ সম্পন্ন হইলে মহারাজ ইক্রহার অসীক বশলাভ ও মহা তেজঃপ্র হইলেন।

পরে রাজা ইক্সছাই সপ্তরাত্র দপ্তায়দান হইরা ভগবানের তব করিতে নাগিলেন। এইরপ সপ্ত রাত্রির তৃতীয় প্রহরে ভক্তবৎসল কীরোদশারী শব্দ-চক্র-গদাপল্লধারী পল্লপলাশলোচন বিষ্ণু ভগবান বনমালার স্থানিভিত হইরা আলাশক্তি লক্ষীর সহিত পরম স্থান্দর মনিমানিকাপচিত স্থানিংহাসনে আসীন হইরা ইক্ছছায়ের দৃষ্টিপথে আগমন করিলেন। উহার দক্ষিণ পার্শ্বে ভগবান্ হলধর সহত্র ফণাধারী সর্প বাছাকে ছত্র ধরিষা র্ষিষ্টাছে, রাজা ইক্ষছায় স্থারৎ এই আশ্চর্যার্শ্বপ মাধুরী দর্শন করিরা মোহিত হইলেন; এবং এই জ্ঞান-বৈরাক্তর্বর্দ্ধক দেবতা ও ঋষিগণ সংপূজ্য ভগবানকে স্থারৎ দেখিরা পরনানন্দে ভাগাদেবীকে ধ্যাবাদ দিতে লাগিলেন; এবং বজ্ঞ সফল বৃদ্ধিরা বারংবার এই মূর্ভিত্রর ধ্যান করিতে লাগিলেন।

স্তজী বদিলেন। হৈ বিপ্রবর্গ রাজা ইক্রছায় এজানন্দন নারদের নিকট বিভারিতরপে এই সমন্ত বৃত্তান্ত কহিলেন। দেবর্ধি নারদ সমস্ত বিবরণ অবগত হইয়া বদিলেন, হে রাজন্! তুমি পূর্ণমনোরথ হইলে; জুলা প্রাতঃকালে অরুণোদরের পূর্বেদ দারুশ্মর ভগবানকে দর্শন শাইবে। ইহা শুনিগা রাজা আনন্দিত মনে শতসহস্রবার দেবর্ধি নারদকে প্রণাম করিতে লাগিলেন। স্নতজী বদিলেন, হে বিপ্রগর্প। রাজা ইক্রছায় মহর্ধি নারদের আজ্ঞামসারে অতি প্রত্যুবে অরুপ্রোদরের পূর্বে স্নানাদি কার্য্য সম্পর করিয়া উহার নিকট গমন্ধ করিলেন, দেবর্ধি রাজাকে সমভিব্যাহারে

লইয়া সমুদ্রতটের নিকট পৌছিলেন, পূর্বাদিনের খগ্রে রাজা বালা দেথিরাছিলেন, অন্ত মহর্ষির বাক্যামুসারে অচকে অরুণ বিক্ ভগবানকে দর্শনকরতঃ আনন্দিতমনে দেবর্ষি নারদকে দেথাইতে লাগিলেন।

তথন ত্রিকালজ্ঞ সর্ব্ধগতি-সম্পন্ন দেবতা-স্বন্ধপ নারদ পৰি হাসিতে হাসিতে বলিলেন, হে রাজন্। তুমি অতীব ভাগারান্ কেন না কলা স্বপ্নযোগে যে খেতদীপবাসী বিষ্ণু-ভগবানকে দর্শন করিরাছিলে সেই নেবারাধ্য ভক্তবংসল ভগবান্ তোমার ভক্তি-ভোরে আবন্ধ হইয়া দর্শন দিবার জন্ম দুখারমান রহিয়াছেন।

ञ्चली विनातन, हर श्रवि । श्रव्यांत प्रविधि नातपत जालाय-সারে রাজা ইন্দ্রহায় যজাবশিষ্ট ব্রাহ্মণভোজনাদি কার্বা সমাপন-পূর্ব্বক ঐ বজ্ঞবেদিতে যজেশ্বর ভগবানকে প্রতিষ্ঠা ও পূজাদি করিয়া নারদ-ঋষিকে বলিলেন, হে প্রভো! ঈশ্বরের দারুময়মূর্তিইকি अकारत अञ्चल हरेरत। हेर। कुना कतित्रा आमारक बनुन। उपन नात्रमम्नि कहिलान, रह शृशीताय ! ভগবানের সহস্র প্রকার মৃত্তি আছে তন্মধ্যে তুমি কোন মূর্ত্তি প্রস্তুত করিতে ইচ্ছা করিষ্টাছ ইছা আমি কিরপে বলিব। দেবর্ষির এই সমন্ত কথা হইতে না ইইতেই সহসা আকাশবাণী হইল, হে রাজন ! তুমি বুদ্ধিমান্ ও জানবান্ হইয়া প্রকাণ্ডে দেবর্ষির নিকট এই সমস্ত প্রশ্ন জিজ্ঞাসা করা উচিত নহে; হে, পৃথীরাজ! এই মহাবেদীতে পতিতপাবন আগংপিতা ভগবান স্বইচ্ছায় অবতীৰ্ণ হইবেন, তুমি পঞ্চদশ দিবস এই বেদি ५ क्रफ कतिया देशात वाहित्व डेप्सवानि कार्या कत, यथन टामान দৃষ্টিপথে অতি লম্মান, অস্ত্রশস্ত্রধারী ব্যক্তি পতিত হইবে তখন উহাকে এই বেদীর মধ্যে প্রবেশ করাইরা বাহির হইতে খার सन्ध-कत्रकः शमत पिरम शर्याख वाहित्त तहित्व धरः धरे विभीत ठाति-

ধারে অনবরত নানাবিধ বাছ বাজনাদি বাজাইতে থাকিবে, বেন
প্রতিমা গঠনের শব্দ কেই শুনিতে না পরীর; এই প্রতিমা গঠনের
শব্দ শুনিলে বা দর্শন করিলে রাজার অহ্যস্ত অমঙ্গল ও সম্পূর্ণ নরকগামী ইইতে ইইবে; এবং আপনা ইইতে ছঙিক, মহামারী প্রভৃতি
উৎপাত আরম্ভ ইইবে। এই নিমিত্ত সাবধান ইইয়া নির্মান্ত্রসারে
কার্য্য কর। এইরূপ দৈববাণী শ্রবণ করিয়া রাজা ইক্রহাম বড়
বড় দারপালদিগকে শক্ষ, ঘণ্টা, ভেরী, ছন্দুভি ইত্যাদি বাছ-বাজনাদি দিলেন। বাজনার ভীষণ নাদে (শব্দে) সমস্ত নগর কোলাহল পূর্ণ ইইল। এমত সময়ে ভক্তবংসল ভগবান্ এক রহদাকার
ল্যবান্ পুরুষরূপ ধারণকরতঃ অন্ত্রশন্ত্র ইবে করিয়া রাজা ইক্রহামের
সন্মুপে আসিলেন। বাজা দৈববাণীর কণান্ত্রায়ী ঈদৃশ দীর্ঘাকার
পুরুষকে মন্দির মধ্যে প্রবেশ করাইয়া দার কন্ধ করিয়া দিলেন।

ইতি শ্রীক্ষেত্র-তৰ স্থা মাহাম্ম ভূতীয় অধ্যায় সমাপ্ত। চতুর্প অধ্যায়।

এই সমস্ত কথা শুনিয়া নৈমিষারণ্যবাদী মুনিগণ অত্যন্ত সন্তুঠ হইয়া বলিলেন, হে স্কুজী মহারাজ! পুনর্বার রাজা ইন্দ্রতাম কি করিলেন তাহার সমস্ত্রীবিবরণ আমাদিগকে বর্ণনা করুন।

ইয় শুনিরা স্থত শ্লোসামী বলিলেন হে থাবিগণ ! রাজা ইন্দ্রত্যম দৈববানীর কথামুযায়ী সমস্ত পার্য্য করিলেন এবং স্থানর স্থানর স্থান্ধর্যক নানাবিধ পূপ ও জাহ্নবী জলসিক্ত প্রাকৃতিত পদ্ম সূক্র প্রামের বর্ধন করিকে লাগিলেন এবং মন্দিরের বহির্ভাগে অনবরত গাঁত বাস্থ ও ঈশরের গুণামুকীর্ত্তন, বেদ-পাঠাদি প্রভৃতি হইতে লাগিল। এইরূপে পঞ্চশা দিবস অতীত হইলে স্থানন হতে ভগবান্বলভদ্র আদি শক্তিসাপায়া স্থভ্ডার সহিত, দার্মময়রূপে রাজা চিক্রনারের মন্ধরনীতে প্রকাশিত হইলেন। ইক্রাদি দেবগণ এই

ব্যাপার দেখিবার জন্ত স্বস্থান পরিত্যাগ করিয়া পঞ্চদশ দিবস ঐ স্থানে অবস্থান করিতেছিলেন। একদণে ভগবানকে দাকময় মূর্ত্তি পরিগ্রাহ করিতে দেখিয়া দেবগণ আপনাপন আসনে উপবেশনকর জঃ ঈশ্বরের উপাসনা করিতে লাগিলেন। এইরূপে দেবর্ধি নারদ ও রাজা ইক্রত্যায় ভগবানের বহু প্রকার স্তব করিয়া সাষ্টাঙ্গে প্রণিপাত করিলেন এবং দেবগণ আপনাপন মনবাঞ্কিত বর পাইয়া সম্ভষ্টিচিত্তে রাজার নিকট হইতে বিদায় গ্রহণ পূর্বাক স্ব স্থানে গমন করিলেন।

স্কৃত গোস্বামী বলিলেন, হে ঋষিগণ। তথন দেবৰি, রাজা ইন্দ্রায় বহু পণ্ডিতগণ ও গুণিগণ সমভিব্যাহারে লইরা ভগবানের উপাসনার জন্ম অনেক প্রকার স্তোত্র ও পাঠাদি রচনা করিয়া বিবিধ প্রকারে ঈশবের পূজাপুর্বক কহিলেন, হে রাজন ! তুমি অতীব ভাগাবান নচেৎ স্বরংবিষ্ণু ভগবান তোমার নিমিত্ত এই স্থানে দারুময়রূপে প্রকাশিত হুইবেন কেন? অন্ত হুইতে তুমি এই মর জগতের যাবতীর প্রাণিগণের স্বর্গের সোপান হইবে। তোমার তপ্রভাবলে পাপী, তাপী, ধার্মিক, অধার্মিক সমস্ত জীবগণ এই দেবারাধ্য জগৎপূজা, বিষ্ণু-ভগবানকে দর্শন করিয়া অনায়াদে নেকিলাভ করিবে। হে রাজন। তুমি এই কল্লবক্ষের সন্থুপে ভর্মবানের জন্ত একটা বুহদাকার পরন স্থানর মন্দির প্রস্তুত করিয়া পিতা বন্ধার ধারা প্রতিষ্ঠা পুরুক এই দারুময় বিষ্ণু ভগবানকে স্থাপন-করত: মর জগতে প্রকাশ করিতে রহ। এই ঈশবের ভাগ বিলাদের জন্ম মানাগার ও ভোজনাগার প্রস্তুত করিয়া দেওয়া দেবর্ষি নারদের এই সমস্ত কথা ভনিয়া রাজা ইন্দ্রচ্য়ে বিশ্বকর্মা ও অপরাপর কারিগরগণকে ডাকাইয়া একটা বিশাল পরম স্থলর মন্দির প্রস্তুত করিতে আজ্ঞাদিলেন। রাজাজা প্রাপ্ত হইয়া

কারিশরগণ আনন্দমনে পরম উৎসাহে বিশেষ যত্নসহকারে অতি স্থান্ত মন্ত্রম্য মন্দির প্রস্তুত করিতে লাগিল। অতি অরদিনমধ্যে অলৌকিক কারুকার্য্যসম্পন্ন দেব প্রশংসনীর পরম স্থান্তর অতি বিশাল চতুর্ঘারবিশিষ্ট মন্দির ও ইহার মধ্যে ঈখরের ভোগবিলাসের অক্ত স্থান্ত ভাজনাগার পর্যান্ত প্রস্তুত হইল।

ইহা কহিয়া চতুৰু থ ব্ৰহ্মা দেবগণকে আসিবার জন্ম অন্ত্ৰমতি দিলেন। তথন হর্কাসা-ঋষি দেবগণকে দঙ্গে লইয়া প্রজাপতি ব্রহ্মকে সাষ্টাঙ্গে প্রণিশাত করিলেন, রাজা ইক্রহায় যথারিধি বিধানে দেবগণের পূজা ও প্রণিপাতপূর্ব্বক অফুমতি গ্রহণ করিয়া উপবেশন করিলেন। ইহা দেখিয়া ব্রহ্মা কহিলেন, হে রাজন! তুমি শীব্র স্বস্থানে গমন করত: মন্দির প্রতিষ্ঠার জন্ম আয়োজন কর: আমি পণ্টাং যাইতেছি। প্রজাপতি ব্রন্ধার এইরূপ মধুর-বাকা শ্রবণ করিয়া রাজাঃ কহিলেন, হে ব্রহ্মন্ ! ঈশরেচ্ছায় সমস্ত সাম্থ্রী প্রস্তুত হইরাছে: কেবল আপনার ঘাইবার অপেকা ক্রিতেছি: ইহা ভূনিয়া ব্রহ্মা হাসিতে হাসিতে কহিলেন হে রাজন! এ অমরের মধ্যে তোমার রাজ্য-দেশ দৈন্তদামন্ত, আমাতাবর্গ প্রভৃতি যাবতীয় ব্যক্তি ও তাবং বস্তু সকল নষ্ট ভ্রষ্ট হইয়া গিয়াছে এবং অভাবধি তোমার রাজ্যে অনেক রাজা রাজত করিয়া গিয়াছে কেন না, এক মৰম্ভর অতিবাহিত হইগাছে, হে রাজন ! ঐ স্থানে কেবল ভগবানের মূর্ত্তি থানির বাতিরেকে আর কোন চিহুই নাই। অতএব তুমি ৰুখনিধি, পদানিধি ও নারদম্নিকে সঙ্গৈ ন্ট্রা সমস্ত সামগ্রী প্রস্তুত কর : ইহাব পশ্চাৎ আমি বাইতেছি। চতুৰু থ ব্ৰহ্মাৰ এই সকল কথা শুনিয়। মুনিগণ ও ইঞাদি দেবগণ প্রজাপতিকে সাষ্টাঙ্গে প্রাণিপাতপুর্বক রাজা ইক্সছায়কে দঙ্গে नहेन्ना नीनांচनाভিমুখে (শ্রীকেত্র ) জগন্নাথ পুরী গমন করিলেন।

ইতি শ্ৰীক্ষেত্ৰ-তক্ষুত্ৰণ মাহাত্ম চতুৰ্ব অধ্যায় সমাপ্ত।

#### পঞ্চম অধ্যায়।

ঋষিগণ বলিলেন, হে স্থত গোস্বামী! তথন রাজা ইক্সহাম দেবগণ ও মুনিগণ সমভিবাহারে আসিয়া কি করিলেন, এই সমত্ত বিবরণ অনুগ্রহপূর্কক আমাদিগকে বর্ণনা করুন।

ইহা ভনিরা স্ত গোস্বামী বলিলেন হে ঋষিগণ ! রাজা ইন্দ্রতাম ইন্দ্রাদি দেবগণ ও নারদাদি মুনিগণের সহিত প্রত্যাগ্রমন शुर्वक प्रिथितन (कवनमाञ औ विभाग मनिएत विकृ-छन्नशास्त्र মূর্ত্তি স্থাপিত রহিরাছে ইহার চারিপারে রক্ষক্রণ বিচরণ করিতেছেন তখন রাজা ভগবানের ঐ স্বরূপ দারুমর মৃতির হন্দ্ রূপে পুজাদিপূর্বক নানা প্রকার শুবপাঠ করতঃ রক্ষকপ্ণকে কহিলেন, কোন মহাত্মা এই বিশাল মন্দির প্রস্তুত করিয়া ঈশবের মূর্ত্তি স্থাপন করিয়াছেন। ইহা শুনিয়া রক্ষকগণ ও ভগবানের সেবায়েং ব্রাহ্মণগণ বলিলেন, হে রাজন্! এই দেশে গালব নামক এক রাজা এই বিশাল জীর্ণ মন্দির নৃতনক্কপে প্রস্তুত করিয়া ভগবানকে স্থাপন করিয়াছেন। ইহা গুনিয়া রাজা ইন্দ্রছায় মন্দিরমধ্যে প্রবেশ করিরা বলপূর্ব্বক ভগণানকে উত্তোলন-করত: মন্দিবের পশ্চিম বহিন্তাগে আনিয়া রাখিলেন। রক্ষক-গণ এই ব্যাপার দেখিয়া অবিলম্বে বৈতরণী তট্মাদী রাজা গালবের নিকট গমন করিয়া কহিল, হে রাজন্! বৈদেশিক ্একজন রাজা আসিয়া আপনার প্রতিষ্ঠিত ভগবানের মৃষ্টি উত্তোলন পূর্বক পশ্চিনদিকে বহিন্ডাগে উঠাইয়া রাথিরাছে। ইহা শুনিয়া রাজা অতান্ত ক্রোধযুক্ত হুইয়া সদৈক্তে পুরুষোত্তম ক্ষেত্রাভিমুবে যাত্রা করিলেন; এবং ঐ পুণাক্ষেত্রে উপস্থিত হইয়া ইক্রাদি দেবতাগণ ও নারদ ঋষিকে দেখিয়া বিনয়সহকারে সাষ্টাঙ্গে প্রণিপাত পুর্বক জিজাসা করিলেন, হে দেবর্বে ! ইক্রাদি দেবতা-

গণ কি নিমিত্ত এছানে আগমন করিয়াছেন এবং কোনু ব্যক্তি ভগৰানের মূর্ত্তি ভিতর হইতে বাহিরে রাখিয়াছেন। দেবর্যি নারদ গালবের এই সমন্ত কথা ভনিয়া কহিলেন, হে রাজন। আমি তোমাকে ইহার বিবরণ কহিতেছি ভূমি মনোযোগপুর্বক শ্রবণ কর। মালব দেশের অবস্তিকাধিপতি মহারাজ ইন্দ্রতাম এই পুণাতীর্থ সংশোধন করিয়া ঈশবেচ্ছায়-যাগয়জ্ঞ দারায় ভগবান নীলমাধব দেবের দারুময় মূর্ত্তি এই বিশাল মন্দির প্রস্তুত করত: চতুর্ব বন্ধার ধারা প্রতিষ্ঠা করিবার নিমিত্ত সংকল্প করিয়া স্বরং ব্রদ্ধলোকে গমন করিয়াছেন, তথায় প্রজাপতি ব্রদ্ধার সহিত कथा-अमरक এक मबस्त किठाहिङ इहेग्राह्य : हेश्रत मर्था कड শত রাজার রাজত ও কত শত নৃতন কার্যা হইয়া গিয়াছে, দেখিয়া প্রজাপতি ব্রহ্মা আমাদিগকে সমভিব্যাহারে রাজা ইন্দ্র-ছামকে প্রেরণ করতঃ অভুনতি করিয়াছেন যে, পুনর্বার তুনি নীলাচৰ পর্বতে গমন করিয়া ভগবানের প্রতিষ্ঠার নিমিত্ত সমস্ত আরোজর কর, আমি পশ্চাৎ ঘাইতেছি, কোনও সময়ে প্রজাপতি ভগবানের নিকট এই মন্দির প্রতিষ্ঠা করিবার জন্ম প্রার্থনা कत्रित्राहित्तन। अश्र छाँश्ले मानम भूर्ग इहेटन। दमनिर्ध नात्रपत এই সমত্ত কথা শুনিয়া রাজা গালব লক্ষিত হইরা মহারাজ ইম্রছায়কে সমন্ত রাজ্য-প্রাদীন পূর্বাক তাঁহার পশ্চান্তাগে অবস্থান ক্রিতে লাগিলেন। তথ্ন রাজা ইক্সত্নায় দেবর্ষি নারদের আক্রাহুসারে পুনর্কার মনিরের সংস্কার করতঃ ভগবানের প্রতি-ষ্ঠার নিমিত্ত বাবতীর সামগ্রী সংগ্রহ করিলেন এবং নানা প্রকার কারুকার্য শোভিত মণি-বাণিক্য-পচিত তিনপানি রথ প্রস্তুত করাইলেন ও স্থলর স্থলর অথ সকল মানা আবরণে সজ্জিত ত্তক্ত জগবানের প্ররাগন্ত্রন একান্তমনে ত্তব করিতে লাগি-

লেন। ইহা দেখিয়া প্রজাপতি ব্রহ্মা, সালক্ষতা সাবিত্রী ও সরস্বতীদেবীকে সঙ্গে লইয়া মণি-মাণিক্যথচিত কারুকার্য্য শোভিত স্বর্ণমণ্ডিত রত্মদিংহাসনে আরোহণপূর্বক ব্রহ্মলোক হইতে আগমন করিলেন। সভাস্থ যাবতীয় দেব মানব প্রভৃতি ব্যক্তিগণ দণ্ডায়মান্ হইয়া প্রজাপতি ব্রন্ধাকে অভিবাদন করিতে লাগিলেন। ইহা দেখিয়া প্রজাপতি স্থমধুর বচনে সাধারণকে সম্ভোষ করিলেন। তথন দেবর্ষি নারদ পিতাকে সঙ্গে লইয়া ভ্রমণকরতঃ আয়োজিত দ্রব্যাদি ও বিস্তৃত স্থান সকল দেখাই-লেন। প্রজাপতি এই সমন্ত ব্যাপার দেখিয়া রাজার উপর অত্যন্ত সন্তষ্ট হইয়া কহিলেন, হে রাজন! তোমার কার্যা অতীব প্রশংসনীয়। আশ্চর্য্যের বিষয় এই বে এইরূপ বিস্তীর্ণ ক্ষেত্রে কোন বস্তুর অভাব রাথ নাই। ইহা কহিয়া প্রজাপতি নারদাদি মুনিগণকে দক্ষে লইয়া পরব্রহ্ম ভগবান বলভদ্র ও মহাভক্তি-সম্পন্না স্বভদ্রাদেবীর সহিত রথে উত্তোলনপূর্বক পরমানন্দে বেদপাঠ क्रिंतिक गांशित्वन। এই त्राप नामत्वन बाता छशवात्नत शकु, यकु, অথব্য বেদ ছারা বলভদ্র, স্থভদ্রা ও স্থদর্শন চক্রের তাব করিতে कतिरा त्रथारताष्ट्रत मिन्दितत ह्यूर्फिरक राष्ट्रेन कतिया मिन्दित প্রতিষ্ঠা করিলেন এবং পরম স্থানর মণি-মাণিক্যথচিত স্কনোহর तप्रतिहार न्यान स्वाप्ति विकास · উহার পার্ষে স্থদর্শন চক্র স্থাপিত করিয়া বিবিধ বিধারে পূজা এবং মহাভিষেকাদিপূর্বক সহস্রবার বিষ্ণুর মহামন্ত্র জপ করিলেন। এইরূপে প্রজাপতির জপ সমাপ্ত হইলে ভগবান্ নৃসিংহদের স্বয়ং প্রকাশিত হইয়া আপনার পতিতপাবন ছুইদমন ত্রিতাপহরণ প্রভৃতি ভয়ন্কর ভয়ানক মৃত্তিধারণ করিলেন, যাহা দর্শনে লোক জীত হট্টা পলায়ন করে। ইচা দেখিয়া প্রজাপতি ব্রন্ধা ভগ- বান্ নৃসিংহদেব স্বশ্ধপ মূর্ত্তির গুণামুবাদ করিয়া সকলকে '' কুফাইয়া দিলেন তথন উহারা ভগবান্ নৃসিংহদেবের পূজা করতঃ স্তব পাঠ করিতে লাগিলেন।

ইতি শ্রীক্ষেত্রতব্যস্থা মাহান্মা পঞ্চম অধ্যায় সমাপ্ত।

#### ষষ্ঠ অধ্যায়।

প্রকাপতি কহিলেন, হে প্রভা । আপনি জগতাধার পরব্রহ্ম, স্ষ্টিপ্রতির আদিপুরুব, আপনার প্রধাস বার্ব ধারা ও তৎসৎ শব্দ উৎপন্ন হইয়াছে। ইহা চতুর্ব্বেদে পরিগণিত। প্রথম সংসারের উৎপত্তি, দিলীয় পালন ইহার কণামাত্র অংশে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্ব আমরা এই কার্যোর অধিকারী হইয়াছি আপনি অন্তেম্ব, অচিন্তনীয়, সচ্চিদানন্দ, বেদান্ত স্বরূপ। যাবতীয় প্রাণিগণ আপনার অপার মায়ায় আবদ্ধ আছে। অধিকন্ত ইক্রাদিদেবগণ পর্যান্ত এই অনন্ত মহিমা বর্ণনে অক্ষম। ইহার কোটি কোটি প্রমাণ অসীম জগতে প্রতীয়মান বহিয়াছে। স্বত গোস্বামী কহিলেন, হে মুনিগণ। এই ক্রপে প্রক্রাপতি ব্রদ্ধা বিবিধ বিধানে মহাবিষ্ণু ভগবান জগরাগদৈবের প্রতিষ্ঠা করিয়া পূজা ও ন্তবাদিপুর্ব্বক কোটি কোটি প্রণামকরতঃ বলিশেন, হে ভক্তবংসল ভগবান্। আপনি সর্ব্বদা সর্বত্র বিশ্বমান আছেন, এক্ষণে ভক্তগণের ত্রাণ ও সম্ভোক্ষের জন্ম স্বরূপ মূর্ত্তি ধারণ কর্বিয়া অভয় বর্প্রদান কর্মন।

হে লীলাময়! আপনার অপার মহিমা আপনি অবগত আছেন। আমরা আপনার সংসাররূপ মায়ায় দিবারাত্র আবন্ধ রহিয়াছি।

স্তজী বলিলেন, হে ব্রাক্ষণগণ এইকপে প্রজাপতি বন্ধা, ব-ব্যাক্ষণ কোনালালী বন মনিজ প্রতিষ্ঠা ও বৈশাও ভ্র

অষ্ট্রমী তিথি গুরুবারে নুসিংহদেবের মন্দির প্রতিষ্ঠাপূর্বক মহারাজ ইন্দ্রন্তায়কে ঐ স্থানের অধিপতি করিলেন রাজা সিংহাদনে । --উপরেশন করিলে ভগবান জগরাথদের ঈষৎ হাস্তমুধে কহিলেন, হে রাজন্! তুমি আমার নিমিত্ত রাজাধন পরিত্যাগ করিয়া বছ কষ্টভোগ করিয়াছ এবং আমার জন্য অতীব বিশাল পর্ম স্থানর দেবপ্রশংসনীয় পবিত্র মন্দির প্রস্তুত করিয়া প্রতিষ্ঠা করিয়াছ ইহাতে আমি অত্যন্ত দন্তই হইয়াছি। তুমি ইচ্ছামুদ্ধণ বর প্রার্থনা কর। রাজা ভূনিয়া ক্লুডাঞ্জলিপুটে নিবেদন করিল, হে ভগবান্! আপনার কুপার আমার সকল আশা পূর্ণ হইরাছে, এক্ষণে এচরণে निर्देशन और ए अन्याज्या छत्त एम औ ताजीवहत्तर अवस्मत অবিচলভক্তি বিরাজিত থাকে। ভগবান প্রমানন্দে তথান্ত বলিয়া वत्र अवान कतिलान अवः किशलान, अध हरेट उन्नात विशेष প্রহর পর্যান্ত আমি এই মৃর্তিতে বিরাজিত থাকিয়া সর্বতোভাবে তোমার বাসনা পূর্ব করিব। একণে তুমি আমার পূজার স্থবনোবস্ত করিতে যত্নবান হও। যাহাতে যশঃকীত্তি এই অনন্তজগতে প্রচা রিত হয় এই মহান্যজ্ঞ জৈয়ে তর্পার্ণিমাসিতে দেবধি নারদেব দ্বারা সম্পন্ন করিয়াছ। কিন্তু আমার জন্মদিন স্থির হয় নাই।

যতপি আমার জন্ম মৃত্যু নাই (অনাদি) তথাপি জৈওঁ ত্বুক পূর্ণিমা তিথিতে আমার স্থানাদি কার্য্য সম্পন্ন করিয়া নিধি পূর্বাক পূজাকরতঃ পঞ্চনশ দিবস মন্দিরের হার কর্ক্ত করিয়া রাধিবে। কেছ যেন পনর দিন পর্যান্ত আমার দর্শন করিতে না পার। যদি কেছ ইছার মধ্যে দর্শন করে, তাছাকে নরকগামী ছইতে ছইবে। আবাঢ় তাক হিতীয়া তিথি পূথান ক্লেকে আমার রথমাত্রা ও আবাঢ় তাক একাদশী তিথিতে শানন এবং প্রাবণ তাক পৌনানিতে আমার বারোংসব ও ভাল তাক একাদশীতে পার্থ-

পরিবর্ত্তন এবং কার্ত্তিক গুরু একাদশী তিথিকে আমার উত্থান ও মার্গশীর্ষ গুরু পক্ষের ষঞ্চীতে ন্তন বস্ত্রাভ্রন পরিধানপূর্ব্বক শৃঙ্গার, পৌষনাদের গুরুপক্ষের পূর্ণিমা তিথিতে আমার পূজাভিষেক ও উত্তরায়ণ মকর সংক্রান্তিতে মহোৎসব করিয়া ফাল্পন গুরু পৌর্গাসিতে আমার দোলয়ারা করিবে; এবং চৈত্রমাদে গুরু চহর্দশীতে দমকাপূর্ণ ও বৈশাশ গুরু তৃতীয়া তিথিতে চন্দনযারা অর্থাৎ আমার সর্বাপারীরে স্কৃগদ্ধযুক্ত চন্দন লেপনকরতঃ জলসিক্ত করিবে। এই নিমিত্ত আমার পরিসাদে বার উৎসব করিবে। এই নিমিত্ত আমার প্রতিরূপ একাদশ মূর্ত্তি প্রদান করিতেছি। তুমি যক্ষপুর্বক স্থাপন কর। পরিশেষে আমি স্বয়ং রথযারা তিথিতে বেদী হইতে উঠিয়া সপ্রদিবস ভ্রমণ করতঃ গুড়িচা যাত্রা করিব। ইহা কহিয়া ভগবান নিস্তব্ধ হইলেন।

রাজা ইক্সচায় ভগবানের এই সমস্ত কথা শুনিয়া একাদশ মন্দির কর হ: ঐ একাদশ মুর্ত্তি স্থাপন করিলেন এবং ঈশবের একাদশ যাত্রার নিমিত্ত পৃথক পৃথক স্থান করিলা দিলেন। প্রতিবংসর বিধিবৎ ভগবানের গম্মনাগমন হইতে লাগিল, এবং রথমানার নিমিত্ত নাগাবিধ মণি মাণিকাজড়িত কাককার্য শোভিত পরম স্থানর রথ প্রস্তুত করিয়া মহাবিষ্ণু ভগবান্, স্থাভ্রাও বলভ্রতকে, স্থাপনকর হ: রাজা নগরবাসী প্রজাগণ সৈন্যগণ ও পরিজন সমভিব্যাহারে পরমানালেদ মহাসমারোহে বাছা-গীতং হারা ভগবানের রথমানা মহোৎসব করিলেন। তাহার দর্শনাভিলামে মুনি, ঋষি, দেব, দানব, গন্ধর্ম ও হরিভক্ত মানবগণ পর্যান্ত আদিতে লাগিলেন। স্থাত গোসামী বলিলেন, হে মুনিগণ! রাছা ইক্রান্তের এই অলোকিক কার্যা নেধিয়া, সন্তইচিত্তে প্রজাপতি ব্রহ্মা ও ইক্রাদি দেবগণ রাজাকে ক্ষুন্যবাদ প্রদানপুর্বক আশীর্কাদ

7

করতঃ বিষ্ণু ভগবান, বলভদ্র ও স্বভদ্রার চরণস্পর্শ করিয়া জয়-ধ্বনি করিতে করিতে স্ব স্ব স্থানে গমন করিলেন। ইতি শ্রীক্ষেত্রতব্যব্যা মাহাত্ম্য ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

#### সপ্তম অধ্যায়।

স্তত গোস্বামী বলিলেন, হে ঋষিগণ! দাক্ষম ভগবান নীল-মাধব দেবের সমস্ত বৃত্তান্ত কহিলাম। এক্ষণে উহার দর্শন করিবার বিধি বলিতেছি মনোযোগপূর্বক শ্রবণ করুন। প্রথম মার্কণ্ড তীর্থে ( পুন্ধরিণীতে ) স্নান করিয়া মার্কণ্ডেশ্বর মহাদেব দর্শনপূর্দ্ধক ভগবানের মন্দির শিখাস্থ নীলচক্রকে নমস্বার করতঃ অক্ষর্বটকে বেষ্টন করিয়া বিম্নাশক সিদ্ধিদাতা গণেশকে দর্শনকরতঃ বটেখর, (বটকুঞ্) মঙ্গলাদেবী ক্ষেত্রপাল, নৃসিংহদেব, বিমলাদেবী, পাতালে-चत्र, उरभात जुनामधन महामारवत मर्गम अशृक्षा कतिया क्रेम्य-শেশর, গরুড় ও ভগবানের দারপাণ জয় ও বিজয়ের দর্শন ও পূজা-করতঃ উহাদিগের নিকট হইতে ভগবান দর্শনের প্রার্থনা করিয়। পরমপ্রিতা ত্রিতাপহারিণী মহাশ্কিসম্পন্না লক্ষ্মাদেরীর পূজা ও पर्नेमाणि कवित्र। পরিশেষে স্থান্সক্র সহিত জীভগবান, বলভর স্থভদা ও বিষ্ণু জগনাথ দেবের পূজা দর্শনাদিপূর্বক স্তোত্ত পাঠ করিতে হয়। হে মুনিগণ ! এইরূপে জগলাপদেবকে দর্শন করিলে এক এক পদে এক এক অশ্বনেধ-যজের ফল পাওনা যায়, অভএব ►নিজ্বার্থ ও জগংবাদী ব্যক্তিগণের প্রমোপকারের নিমিত আপনা-দিগকে কহিতেছি।

> ইতি শ্রীক্ষেত্রতত্ত্ব-স্থা মাহান্ম্য সপ্তম অধ্যান্ন সমাপ্ত। অসক্তম অধ্যান্ত ।

এইরূপ নিত্য দেবতাগণের দর্শন ও ভগবানের মহাপ্রসাদ ভক্ষণ ক্রিয়া তিন রাত্র এই পবিত্র পুণ্য তীর্থে বাসক্রতঃ তীর্থ-

রাজ সমুদ্রের দর্শন, স্বান, যজ্ঞপুর, জনকপুর প্রাকৃতি দেবতাগণের পূজাপূর্বক ব্রাহ্মণ ভোজনাদি করাইয় সমুদ্র হটে পিতৃপ্রাদ্ধাদি কার্য্য সম্পরকরতঃ খেতগঙ্গায়, আপনাপন পাপধ্বংস মান্দে ক্রমা প্রার্থনা করিয়া স্থান ও মার্চ্ছনাদিপ্রবৃক্তি খেতমাধ্ব, উগ্রসেন, হফু-भानकीत पर्मनकत्रजः जीर्थताक ममुद्भात निक्छ आर्थना ও महत्तापि করিয়া, লোকনাথ ইক্রত্যায় সরোবর, নীলকণ্ঠ, যমেশ্বর, কপাল-মোচন প্রভৃতি দেবগণের পূজা ও দর্শনাদিপূর্বক ব্রাহ্মণ ভোজন করাইতে হয়। হে মুনিগণ । যে ব্যক্তি পঞ্চনী তিথিতে তীর্থ দর্শন ও পর্যাটন করিবেন, তাঁহার বহু গোদান সভা পুণ্য এবং বাজ-পের যজের ফল প্রাপ্ত হইবে। এইরূপে বাঁহরো মহাবিষ্ণু ভগবান দাক্ষর ত্রন্ধের নির্দ্ধাল্য ও মহাপ্রাসাদ ভক্ষণ করিবেন, উহার সমস্ত পাপ ধ্বংস হইলা বৃদ্ধি নির্মাল শ্রীর পবিত্র এবং নিরোগ হয়। হে মুনিগণ। এই প্রদাদ দেব হল্ল ভ অপ্রাপ্য। যদি এই পবিত্র মহা-প্রসাদ শুদ্রেও স্পর্শ করে, তথাপি ত্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, এই চারিবর্ণে এবং গৃহস্থ বন্ধচারী, সন্নাসী, বাণপ্রস্থী এই চারি আশ্রমে বতুসহকারে গৃহীত হয়। ইহা ভক্ষণ করিলে সমস্ত যজ্ঞ ও তীর্থাদি দর্শনের ফল প্রাপ্ত হয়। মহাপ্রদাদ প্রাপ্ত হইবা মাত্র কোন তর্ক বিতর্ক না করিয়া ঐ মৃহূর্তে ভক্ষণ করিবে। এই মহাপ্রসাদ গ্রহণে দেব-দানব-গর্কাও পিতপুক্ষ পর্যায় সম্ভূষ্ট হন। হে মুনিগণ। এই মহাপ্রদান কথন অগ্রাপ্ত কবিবেন না। ইহা বিভাল, কুকুর প্রভৃতি জ্ব্ধগণের উচ্ছিষ্ট হইলেও গ্রহণ করিতে বাধা নাই, দেবগণ পর্যান্ত গ্রহণ করিয়া থাকেন। এই মহাপ্রসাদের অনস্তমহিমা কে বলিতে পারে। হে মুনিগণ! এই পবিত্র দেব-ছল্লভ মহাপ্রসাদ ভক্ষণ ও এই পবিত্র তীর্থের মাহাত্মা বিনি গৃহে বসিয়া পাঠনা এবণ করিবেন তাঁহার অস্তিমে বৈকুঠে স্থান হইবে। ঋষিগণ এই সমস্ত ৰ্যাপার শ্রবণ করিয়া পরমানন্দে স্কৃত গোস্বামীর পূজাপূর্বক বিদায় कतिला। এদিকে রাজা ইক্সগ্রাম সমস্ত কার্য্যের স্থবন্দোবস্ত করিয়া দেবর্থি নারদের সহিত স্বশরীরে ত্রন্ধলোকে গমন করিলেন। ইতি ঐক্তেতত্ব-হ্রধা মাহাত্মা অষ্টন অধ্যায় সমাপ্ত।